চা:বি:

দৈনিক ইত্তেফাক

তারিখ 02 OCT 1992 পৃষ্ঠা ১ কলাম ২

৭৪

## ছাত্রীদের জন্য নূতন হল

ইত্তেফাক রিপোর্ট ॥ প্রধান মন্ত্রী বেগম খালেদা জিয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রীদের জন্য একটি নতুন হল নির্মাণের ঘোষণা দিয়াছেন। গতকাল (বৃহস্পতিবার)

(শেষ পৃ: ৮-এর ক: দ্র:)

## নূতন হল

(১ম পৃ: পর)

পদক বিতরণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এই ঘোষণা দিয়া বলেন, ক্যাম্পাসে আণবিক শক্তি কমিশনের দফতর সাভারে স্থানান্তর করার পর ইহাও বিশ্ববিদ্যালয়কে হস্তান্তর করা হইবে।

### ডাকসুর অভিনন্দন

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রীদের জন্য একটি হল নির্মাণ ও আণবিক শক্তি কমিশনের দফতর বিশ্ববিদ্যালয়কে হস্তান্তরের ঘোষণা দেওয়ায় ডাকসুর ভিপি আমান উল্লাহ আমান এম, পি ও জি, এস খায়রুল কবীর খোকন এক বিবৃতিতে অভিনন্দন জানাইয়াছেন। বিবৃতিতে বলা হয়, প্রধানমন্ত্রী গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের কৃতী ছাত্রী ও শিক্ষকদের মধ্যে পদক বিতরণের মাধ্যমে ঐতিহাসিক অধ্যায়ের সূচনা করিয়াছেন। আমাদের দৃঢ় বিশ্বাস আগামী দিনেও গণতান্ত্রিক সরকার প্রধানগণ শান্তিপূর্ণভাবে বিশ্ববিদ্যালয়ের বিশেষ অনুষ্ঠানে যোগ দিয়া বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্যকে সুসংহত করিবেন।